১৭৮

দৈনিক ইত্তেফাক

তারিখ JUL 20 1999
পৃঃ ৭৫ কলাম ৮

# আনন্দমোহন কলেজ খুলিয়া দেওয়ার সিদ্ধান্ত

ময়মনসিংহ (উত্তর) সংবাদদাতা ॥ গতকাল (সোমবার) সকাল ১১টায় আনন্দমোহন কলেজের শিক্ষক পরিষদ এক জরুরী সভায় ব্যাপক ভাংচুরের ঘটনায় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষিত কলেজটি আজ মঙ্গলবার খুলিয়া দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। শিক্ষক পরিষদ জানায়, গত রবিবার বিকালে আনন্দমোহন কলেজ মিলনায়তনে জেলা প্রশাসক, পুলিশ সুপার, বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ এবং গণমান্য ব্যক্তিবর্গকে লইয়া সম্প্রতি এ এম কলেজে ভাংচুরের ঘটনায় এক সুধী সমাবেশ অনুষ্ঠিত হয়। সুধী সমাবেশে কলেজকে সন্ত্রাসমুক্ত ও নিরাপত্তা নিশ্চিত করিবার জন্য সকলেই সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দিলে কলেজ খুলিয়া দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। নবাগত পুলিশ সুপার শাহ আলম শিকদার সন্ত্রাস দমনে কলেজ ক্যাম্পাসে একটি অস্থায়ী পুলিশ ক্যাম্প স্থাপনের ঘোষণা দেন। কলেজ কর্তৃপক্ষ এই ভাংচুরের ঘটনা তদন্তের জন্য ৩ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করিয়াছে।